# তারেক রহমানকে দুটি আমন্ত্রণ পাঠিয়েছিল ভারত



ভারতের মুখপাত্র রণধীর জয়সওয়াল। ছবি: সংগৃহীত

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানকে ভারত সফরের জন্য দুটি পৃথক আমন্ত্রণ জানানো হয়েছিল বলে জানিয়েছে নয়াদিল্লি। একটি ছিল দ্বিপক্ষীয় সফরের জন্য, অন্যটি বিমসটেকের বর্তমান চেয়ার হিসেবে ব্রিকস সম্মেলনে অংশ নেওয়ার জন্য।

নয়াদিল্লিতে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাপ্তাহিক ব্রিফিংয়ে মুখপাত্র রণধীর জয়সওয়াল এ তথ্য জানান।

বাংলাদেশ ব্রিকসের সদস্য বা অংশীদার দেশ না হলেও বিমসটেকের চেয়ার হিসেবে ১৮তম ব্রিকস সম্মেলনের বিশেষ অধিবেশনে প্রধানমন্ত্রী তারেক রহমানকে আমন্ত্রণ জানানো হয়। ১২ ও ১৩ সেপ্টেম্বর নয়াদিল্লিতে অনুষ্ঠিত হয় সম্মেলনটি।

এর আগে বাংলাদেশের পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির জানিয়েছিলেন, ব্রিকসের আমন্ত্রণটি বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে তারেক রহমানকে দেওয়া হয়নি। বিমসটেকের চেয়ার হিসেবে দায়িত্ব পালনকারী ব্যক্তি হিসেবে তাকে আমন্ত্রণ জানানো হয়েছিল। সোমবার স্পিকারও বলেন, যথাযথ প্রক্রিয়া ও মর্যাদা দিয়ে প্রধানমন্ত্রীকে ভারতে আমন্ত্রণ জানানো হয়নি। তবে ভারতের বক্তব্য, ব্রিকসের আমন্ত্রণের পাশাপাশি দ্বিপক্ষীয় সফরের জন্যও আলাদা আমন্ত্রণ পাঠানো হয়েছিল।

নয়াদিল্লি জানিয়েছে, দ্বিপক্ষীয় সফরের আমন্ত্রণ এখনো বহাল রয়েছে। গত ফেব্রুয়ারিতে সাধারণ নির্বাচনের পর বিএনপি সরকার গঠনের সময় ভারতের লোকসভার স্পিকার ওম প্রকাশ বিড়লা ঢাকা সফর করেন। সে সময় তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির অভিনন্দনপত্র তারেক রহমানের কাছে পৌঁছে দেন এবং তাকে সপরিবারে ভারত সফরের আমন্ত্রণ জানান।

বাংলাদেশের পক্ষ থেকে এর আগে জানানো হয়েছিল, বহুপক্ষীয় সম্মেলনের চেয়ে দ্বিপক্ষীয় সফরকে বেশি গুরুত্ব দেওয়া হচ্ছে। সুবিধাজনক সময়ে সফরটি আয়োজনের উদ্যোগ নেওয়া হচ্ছে বলেও জানানো হয়।

শেখ হাসিনার ভারতে অবস্থান, তাকে ফেরত পাঠানো এবং পানি বণ্টনসহ বিভিন্ন অমীমাংসিত ইস্যুতে দুই দেশের সম্পর্কে টানাপোড়েনের মধ্যেই তারেক রহমানের ভারত সফরের আমন্ত্রণ নিয়ে নতুন করে আলোচনা সামনে এলো।

LENS ASIA